ফরিদপুরে বাসে অগ্নিসংযোগ, ঘুমন্ত চালকের মৃত্যু



ছবি: সংগৃহীত

ফরিদপুরে পার্কিং করে রাখা একটি বাসে অগ্নিকাণ্ডের ঘটনায় কালাচাঁন শেখ (৩৪) নামে এক চালকের মৃত্যু হয়েছে। বাসের ভেতরে ঘুমিয়ে থাকা অবস্থায় আগুনের ধোঁয়ায় অসুস্থ হয়ে পড়েন তিনি। পরে হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।

সোমবার (৯ নভেম্বর) দিবাগত রাত পৌনে ২টার দিকে শহরের গোয়ালচামট বাসস্ট্যান্ড এলাকায় এ ঘটনা ঘটে। নিহত কালাচাঁন শেখ মুকসুদপুর উপজেলার দিকনগর এলাকার বাসিন্দা।

স্থানীয় সূত্র ও পুলিশ জানায়, বাসস্ট্যান্ডের পাশে পার্কিং করে রাখা 'কিশোর তন্ময়' নামের একটি লোকাল বাসে হঠাৎ আগুন লাগে। ওই সময় বাসটির ভেতরে ঘুমিয়ে ছিলেন চালক কালাচাঁন। আগুনের ধোঁয়ায় শ্বাসকষ্ট শুরু হলে তিনি অসুস্থ হয়ে পড়েন।

খবর পেয়ে ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থলে গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনেন। পরে অসুস্থ অবস্থায় চালককে ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন। আগুনে বাসটিও পুড়ে যায়।

ফরিদপুর ফায়ার সার্ভিসের সিনিয়র স্টেশন অফিসার শ্রীবাস বাড়ৈ জানান, খবর পাওয়ার পর ফায়ার সার্ভিসের কর্মীরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আগুন নেভানোর কাজ শুরু করেন।